Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

৪০শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৯ই ভাদ্র বুধবার ১৩৬০ ইংরাজী 26th Aug, 1953 { ১৫শে সংখ্যা

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতি বার ।০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা।

নগদ মূল্য ৵০ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

## অরবিন্দ এণ্ড কোং

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।




## সাফল্য ও সমৃদ্ধির পথে

বৃহত্তর ক্ষেত্রে জনসেবার যে গৌরব ও জনগণের যে অকুণ্ঠ আস্থার উপর ভিত্তি করিয়া হিন্দুস্থান উত্তরোত্তর সমৃদ্ধির পথে অগ্রসর হইতেছে এবং যে সঙ্গতি, সততা ও প্রতিষ্ঠা হিন্দুস্থানের পূর্ব্বাপর বৈশিষ্ট্য, তাহার সুস্পষ্ট পরিচয় পাওয়া যায় ইহার ১৯৫২ সালের ৪৬তম বার্ষিক কার্য্য-বিবরণীতে।

নূতন বীমা
১৬,৩৮,৭৯,২৯৮৲

মোট চলতি বীমা........৮৬,৭১,৮৫,০৪০৲
মোট সম্পত্তি........২২,৪৯,৮৩,০৫৬৲
বীমা ও বিবিধ তহবিল........১৯,৭৭,৭৬,২৮৭৲
প্রিমিয়ামের আয়........৩,৯৪,২২,৩৭১৲
দাবী শোধ (১৯৫২)........৮৮,৮২,২৭১৲

*হিন্দুস্থানের বীমাপত্র নিরাপদ সারবান ও লাভজনক।*

হিন্দুস্থান কো-অপারেটিভ
ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড
হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস
৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা—১৩

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।


# জঙ্গিপুর সংবাদ

৯ই ভাদ্র বুধবার সন ১৩৬০ সাল


## মুখের কথা ও বুকের কথা

—•—

যে মানুষ মনের কথা গোপন না রেখে, মুখে তাহা ব্যক্ত করেন, তাঁহাকে ভাল লোকে সরল মানুষ বলিয়া আখ্যা দান করে, আর যাহারা সরলতাকে গুণ না বলিয়া দোষ মনে করে, তাহারা এই সরল মানুষটিকে নির্ব্বোধ এবং পাগল বলিয়া ঘৃণা করে। এই প্রথা এমনভাবে সমাজে কুফল ফলাইতে আরম্ভ করিয়াছে যে মনের কথা প্রাণ খুলিয়া ব্যক্ত করাই যেন অপকর্ম্মে পরিণত হইয়াছে। ফলে সত্য কথা বলিতেও লোকে ইতস্ততঃ করিতেছে।

"সত্যমেব জয়তে" এই মহাবাক্যকে সাধারণের গোচরীভূত করিয়া মিথ্যার বেসাতি করা লোকের স্বভাবসিদ্ধ গুণ (?) হইয়া পড়িয়াছে।

আমরা ছেলেবেলায় যখন পাঠশালায় পড়িতাম, তখন পাঠশালার পণ্ডিত মহাশয় একদিন একটি ছাত্র কি একটা প্রতিশ্রুতি দিয়া তাহা পালন করে নাই বলিয়া, একটি গল্প বলিয়াছিলেন, গল্পটি শুনুন—

এক বিধবার একটি ছাগী প্রসব-বেদনায় অত্যন্ত কষ্ট পাইতেছে, তখন সে গলায় কাপড় দিয়া ভক্তি গদগদ কণ্ঠে মা কালীকে স্মরণ করিয়া উচ্চৈঃস্বরে বলিল—"মা কালি! আমার ছাগল খালাস কর মা, আমি তোমার স্থানে একটা মহিষ বলি দিব মা!" তার এই মানসিক শুনিয়া এক প্রতিবেশিনী বলিল—মাসি, তোমার ছাগলের যদি ৪টি বাচ্চাও হয়, আর এক একটি বাচ্চা এক টাকা দরে (তখন দর সস্তা ছিল) বিক্রী হয়, তুমি চারটি টাকা পাবে, মা কালীকে মোষ দিবে কোত্থেকে? ছাগলের মালিকানী বিধবা প্রতিবেশিনীকে ধমক দিয়া বলিল—"গোলমাল করিসনে, মা কালীকে বলির প্রলোভন দেখিয়ে ফাঁকি দিয়ে ছাগলের বাচ্চা বের করে নিই, তারপর যা মনে আছে, তা করবো।

কয়েক দিন হইতে ভারতের রাজধানী দিল্লী মহানগরীতে সদলবলে পাক-মন্ত্রীর সবেগম শুভাগমনে বিমান ঘাঁটিতে অভ্যর্থনার বহর, খানাপিনার বহর, পার্লামেন্টে পাক প্রধান মন্ত্রীর গৌরবার্থ জয়ধ্বনির বহর, রাজঘাটে গান্ধিজীর সমাধিতে জনাব মহম্মদ আলির সভক্তি পুষ্পস্তবক প্রদানের বহর দেখিয়া মনে হয় যে ভারতের প্রধান মন্ত্রী জহরলালজী করাচীতে যে আদর পাইয়াছেন, তাহার উপর টেক্কা দিবার যথেষ্ট চেষ্টা করা হইয়াছে। "মুখের কথা" উভয় মন্ত্রীতে খুব আশাপ্রদভাবে আদান প্রদান হইয়াছে। বুকের কথা কেউ জানে না। এমনি একদিন লিয়াকত আলির সহিত ভারতের প্রধান মন্ত্রীর মুখের কথার বিনিময়ে কেহ কাহাকেও আঁধারে না রাখিয়া লিখিত চুক্তিও হইয়াছিল, যখন চুক্তিমত দানের প্রতিদান ভারত পাইতেছিল না, তখন আমরা একবার আমাদের ক্ষুদ্র "জঙ্গিপুর সংবাদে" জহরলালজীকে জিজ্ঞাসা করিয়াছিলাম—পাক প্রধান মন্ত্রী সাহেব চুক্তি অনুসারে **লিয়া কত আর দিয়া কত?** তারপর লিয়াকত আলি সাহেবের এন্তেকাল হওয়ার পূর্ব্বে ভারতকে মুষ্টি দেখাইয়া তুষ্টিলাভ করাইতে পশ্চাৎপদ হন নাই। তারপর পাক গবর্ণর জেনারেল খাজা নাজিমউদ্দীন প্রধান মন্ত্রী হইয়া ভারতকে মুখের কথা অনেক শুনাইয়াছিলেন। বুকের কথা পাকিস্তানীরাও তাঁহাকে বড় একটা জানিতে না দিয়া একবারে মন্ত্রিত্বই খতম করিয়া দিল। প্রধান মন্ত্রী জনাব মহম্মদ আলি এখন গদীতে। পাকিস্তানের তিন তিনটি প্রধান মন্ত্রী হইলেন, আমাদের ভারতে একা জহরলালজী স্বাধীনতার গোড়া পত্তন হইতেই প্রধান মন্ত্রী আছেন। কাশ্মীরের প্রধান মন্ত্রী শেখ আবদুল্লা ছিলেন ভারতের প্রধান মন্ত্রী জহরলালজীর বিশ বৎসরের দোস্ত। ডাঃ শ্যামাপ্রসাদের রহস্যজনক মৃত্যুর তদন্তের প্রয়োজন নাই বলিয়া জহরলালজী আবদুল্লাকে বুকের কথা বলিয়া সার্টিফিকেট দিয়া তাহার সাফাই গাহিয়াছেন। কাশ্মীরের প্রধান মন্ত্রী আবদুল্লা জহরলালকে বুকের কথা বলা দূরের কথা কাশ্মীরের মন্ত্রিগণকে ও সদর-ই-রিয়াসৎকেও ঘুণাক্ষরে মতলব জানিতে দেন নাই। বিশ বছরের দোস্ত যিনি তাঁহার স্বাধীন কাশ্মীর রাজ্য গঠনের জন্য ভারতের কত কোটি টাকা ও কত লোকক্ষয় করিয়া ভারতীয়দের দুর্গতির হেতু হইয়াছেন, তিনিও এতদিনে দোস্তের বুকের কথা জানিতে পারিয়াছেন কিনা তাহা তিনিই জানেন। আবদুল্লা পাকিস্তানের বিরোধীই ছিলেন, ইহাই তো লোকে জানে, তাঁহার বন্দী হওয়ার জন্য পাকিস্তান স্বাধীনতা উৎসব বন্ধ করিয়াছেন। পাকিস্তান শাসকগণ বুকের কথা প্রকাশ না করিলেও মিস্ ফতেমা জিন্না সভা করিয়া শোভাযাত্রা করিয়া "আবদুল্লা জিন্দাবাদ" "জহরলাল মুর্দ্দাবাদ" জিগির তুলিতে লাগিলেন, ইহা কিন্তু তাঁহার বুকের কথা।

পাকিস্তানে যখন এই সব চলিতেছে তখন পাক প্রধান মন্ত্রী বুকের কথা (?) বলিবার জন্যই কি যত শীঘ্র সম্ভব বড় ভাই-এর মত স্বজন জহরলালজীর সহিত দেখা করিতে দিল্লী আসিবার জন্য ছটফট করিতেছিলেন? সম্মুখে পবিত্র ঈদ, সময় কম, তবুও স্বদলবলে সস্ত্রীক দিল্লী আসিয়া কাশ্মীর-ব্যাপারে বড় ভাই-এর সহিত একমত হইয়া স্বস্থানে ফিরিয়াছেন।

এদিকে কাশ্মীরের নূতন প্রধান মন্ত্রী বক্সী গোলাম মহম্মদ জোর গলায় ঘোষণা করিতেছেন—পৃথিবীতে এমন শক্তি নাই যাহা কাশ্মীরকে ভারত হইতে বিচ্ছিন্ন করে। এই সব মুখের কথা আর বুকের কথায় কোথায় মিল আছে, আর কোথায় নাই, তাহা ঠিক করা খুবই কঠিন। আবদুল্লার জন্য পাকিস্তানের দরদ দেখিয়া আমাদের একটা বাউলের প্রাচীন গান মনে হয়—

"ময়রা মামী মরে গেছে
বুকে মেরে শূল,
বামুনপাড়ায় অশৌচ নিয়ে,
মাথায় বহে চুল,
কামরূপেতে কাক মরেছে
কাশীধামে হাহাকার
দিন দুপুরে চাঁদ উঠেছে
রাত পোহান ভার।"

পোষাক পরিচ্ছদ, একত্র ভোজন, এসব দেখিয়া একজন হিন্দু, একজন মুসলমান, ও একটি মুরগীর

কথোপকথনে হিন্দু মুসলমানে মিল দেখিয়া এক গ্রাম্য কবি লিখিয়াছিলেন—

হিন্দু—তোমার মত লুঙ্গী পরে
খুলে দিলাম কাছা।
মুসলমান—তোমার মত সুরু ক'রে
দিলাম দাড়ি চাঁছা।
মুরগী—আমি হলাম প্রিয় খাদ্য
উভয়ের ডিসে,
কবি—এ মিলন কি মিলন দাদা
মন যদি না মিশে।

---

## আচার্য্য রামেন্দ্রসুন্দরের
### জন্ম-স্মৃতি বার্ষিকী

—•—

গত ৫ই ভাদ্র শনিবার অপরাহ্ণ ৫ ঘটিকায় কান্দীর জেমো পল্লীতে রামেন্দ্রসুন্দর-স্মৃতি-পাঠাগারে মাসিক বসুমতী-সম্পাদক লব্ধপ্রতিষ্ঠ সাহিত্যিক শ্রীপ্রাণতোষ ঘটক মহাশয়ের সভাপতিত্বে স্বর্গত আচার্য্য রামেন্দ্রসুন্দর ত্রিবেদী মহাশয়ের উননবতিতম জন্ম-স্মৃতি বার্ষিকী সভা অনুষ্ঠিত হইয়াছে। এতদুপলক্ষে কান্দী, জেমো, বাগডাঙ্গার অধিকাংশ ভদ্রমহোদয়গণ, স্কুলের বালকবালিকাগণ সমবেত হইয়াছিলেন।

সভার প্রারম্ভে কয়েকটি বালিকা নৈপুণ্যের সহিত 'বন্দেমাতরম্' গান করে। সভাস্থলে সভাপতির আসনের দক্ষিণ দিকে আচার্য্য ত্রিবেদীর একখানি আলোকচিত্র পুষ্পমাল্য ভূষিত করিয়া স্থাপন করা হয়। বামদিকে আচার্য্য দেবের কৃতিত্বলব্ধ সুবর্ণ পদকাদি, সোনার দোয়াত কলম এবং মানপত্র সাধারণের দর্শনার্থ সাজাইয়া রাখা হইয়াছিল। সভায় সমাগত নানা ব্যক্তি কর্ত্তৃক আচার্য্য দেবের প্রশস্তি ও গুণাবলী কীর্ত্তিত হইয়াছিল। কান্দী রাজ কলেজের অধ্যক্ষ মহাশয় এবং জনৈক অধ্যাপক আচার্য্যদেবের লিখিত এক একটি বচনামৃত হইতে উচ্চাঙ্গের ভাষণ দিয়া উপস্থিত জনগণকে চমৎকৃত করিয়াছিলেন। বাগডাঙ্গার একটি প্রিয়দর্শন বালক আচার্য্য ত্রিবেদীর জীবনী লইয়া একটি সুন্দর প্রবন্ধ পাঠ করিয়া সাধারণের প্রীতি উৎপাদন করে। "কান্দী বান্ধব" সাপ্তাহিকের প্রবীণ সম্পাদক শ্রীদেবেন্দ্রনারায়ণ রায় মহাশয় রামেন্দ্রসুন্দর স্মৃতি পাঠাগারেরও সম্পাদক। তাঁহার আবাল্য হিতাকাঙ্ক্ষী আচার্য্য দেবের এই পবিত্র স্মৃতি বাসরে সাফল্যের জন্য ৭৪ বৎসর বয়সের বৃদ্ধ হইয়াও যুবকের মত উদ্যম দেখাইয়া গুণগ্রাহিতার পরিচয় দিয়াছেন।

লালগোলাধিপ স্বর্গীয় মহারাজা রাও যোগীন্দ্র নারায়ণ রায় আচার্য্য রামেন্দ্রসুন্দর ত্রিবেদীর স্মৃতিরক্ষার্থে কান্দী আদালতের অনতিদূরে হিন্দু ও মুসলমানদের জন্য "রামেন্দ্র পান্থশালা" নামক দুইটি পৃথক বাসগৃহ এবং "রামেন্দ্র সাগর" নামে একটি বৃহৎ জলাশয় প্রতিষ্ঠা করেন ১৯২৩ খৃষ্টাব্দে। এই সভায় সভাপতিত্ব করেন স্বর্গীয় মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী মহাশয়। কলিকাতার তদানীন্তন সুপ্রসিদ্ধ সাহিত্যিক ও সাংবাদিকগণ সে সভায় উপস্থিত ছিলেন। ৺রায় জলধর সেন বাহাদুর, ৺পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায়, ৺নলিনীরঞ্জন পণ্ডিত, ৺গিরিজা বসু, শ্রীহেমেন্দ্রকুমার রায়, শ্রীনরেন দেব, শ্রীপ্রেমাঙ্কুর আতর্থী, শ্রীসুধীরকুমার সরকার, শ্রীগণপতি সরকার প্রমুখ জনগণের নাম স্মরণ হয়।

বাঙলার প্রাক্তন রাজ্যপাল কৈলাসনাথ কাটজু প্রমুখ রাজপুরুষগণও কান্দীতে আসিয়া আচার্য্য রামেন্দ্রসুন্দর ত্রিবেদী মহাশয় যে গৃহে ভূমিষ্ঠ হইয়াছিলেন, সেই গৃহ ও তাঁহার বাসভবনে অবস্থিত পাঠাগার নিরীক্ষণ করিতে ভুলেন নাই।

---

### THE FIRST COURT OF MUNSIF AT JANGIPUR.

Money Execution Case No. 55 of 1953.
Claim Rs. 44/4/9
Decree holder—Sri Sripati Nath Das.
Judgment debtor—Sri Rajanimoni Dasi.
W/o. Late Dharmanarayan Das
Vill Faridpur, P.O. Mahesile,
Dist. Murshidabad.
Date of Sale 14.9.53.

Touzi No. 366 of the Murshidabad Collectorate, Taraf Mahesile, P.S. Samserganj, Mahal Basudebpur and others in which right title interest of the judgment debtors in separate account No. 2 being 8 gondas revenue payable Rs. 20/11/11 P. and in separate account No. 4 being 2½ gondas revenue payable Rs. 6/14/8 P. i.e. in total share of 10½ gondas total revenue payable Rs. 27/10/7 Pies.

Court's valuation Rs. 85/-
By order of the Court
M. N. Roy, Sharistadar,
Munsif's Court, Jangipur.


## অপেরীণ




ডাক্তার বি. এন. রায় করেন আবিষ্কার,
ল্যান্সেটের খোঁচা খেতে হবে না কো আর।
বাগী, ফোড়া, পৃষ্ঠাঘাত আদি যত রোগে,
অপারেশন ক'রে লোক কি যন্ত্রণা ভোগে!
প্রথম অবস্থায় যদি করে ব্যবহার,
একেবারে বসে যাবে পাকিবে না আর
পরবর্ত্তী অবস্থাতে আপনি যাবে ফেটে,
কষ্ট পেতে হইবে না ছুরী দিয়ে কেটে।
দামও মোটে দেড় টাকা মাশুল তের আনা।
ফতেপুর, গার্ডেনরীচ ( কল্‌কাতা ) ঠিকানা।
ডাক্তার বি. এন. রায় এইখানে থাকে।
ঔষধ পাইতে হ'লে পত্র দেন তাঁকে।



বিশ্বস্ত প্রতিষ্ঠান
## চা-সংসদে

রকমারী সুগন্ধি দার্জ্জিলিং চা এবং আসাম ও ডুয়ার্সের ভাল চা ন্যায্য মূল্যে পাবেন। আপনাদের সহানুভূতি ও শুভেচ্ছা কামনা করি।

চা-সংসদ
রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

সি. কে. সেনের আর একটি
অনবদ্য সৃষ্টি

পুষ্পগন্ধে সুরভিত
ক্যাস্টর অয়েল
বিকশিত কুসুমের স্নিগ্ধ গন্ধসারে সুবাসিত এই পরিস্রুত ক্যাস্টর অয়েল কেশের সৌন্দর্য্য বর্ধনে অনুপম।

সি. কে. সেন অ্যাণ্ড কোং লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা ১২

দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস
৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬
টেলিগ্রাম: "আর্টইউনিয়ন" টেলিফোন: বড়বাজার ৪১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়
* * *
রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত
ইলেকট্রিক সলিউসন
— দ্বারা —
মরা মানুষ বাঁচাইবার উপায়:—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত 'ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৷০ টাকা ও মাশুলাদি ৮/০ আনা।

সোল এজেন্ট:—ডাঃ ডি, ডি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

## নিলামের দিন ১৪ই সেপ্টেম্বর ১৯৫৩

১৯৫৩ সালের ডিক্রীজারী

২৪০ থাং ডিঃ সতীন্দ্রনাথ দাস দেং রামমোহন মজুমদার দাবি ৩৪৷৶০ থানা সুতী মৌজে জগতাই ১৮১৮০ বিঘার কাত ২৷৶১০ আঃ ১৫, খং ২৭ ও ৩নং খাস খতিয়ানের অন্তর্গত ।৩৮০ কাঠা।

১৫৯ থাং ডিঃ ফুলচাঁদ শেঠি দেং ঝালন বিবি দাবি ২৪৮৶৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে কুতুবপুর ৭৫ শতকের কাত ২৷৫ আঃ ৫, খং ৫৬

২১৫ থাং ডিঃ ধরমচাঁদ সেরাওগী দিং দেং মসিম বিশ্বাস দিং দাবি ২৫৷/৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে দয়ারামপুর ৮২ শতকের কাত ৩৵০ আঃ ১৫, খং ২৫২, ২৫১

২১৬ থাং ডিঃ ঐ দেং দুলুপদ বারিক দিং দাবি ১৭৷৵৯ থানা ঐ মৌজে সেকেন্দরা ৩২ শতকের কাত ১৷০ আঃ ১৫, খং ১১৬৩

২১৯ থাং ডিঃ ঐ দেং রিশি মণ্ডল দাবি ১৫৷৶৬ মৌজাদি ঐ ৯ শতকের কাত ১৵০ আঃ ১০, খং ১০৩১

২২৪ থাং ডিঃ ঐ দেং গৌরব বেওয়া দাবি ২১/৬ মৌজাদি ঐ ১৯ শতকের কাত ২।৯ আঃ ২০, খং ১১৪৬

২১৭ থাং ডিঃ ঐ দেং নগেন্দ্র মাঝি দাবি ২০৮৵৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে চকসাদপুর ৭ শতকের কাত ২৵০ আঃ ২০, খং ১২০

২১৮ থাং ডিঃ ঐ দেং সুদাম মাঝি দিং দাবি ২৬৵৬ মৌজাদি ঐ ৯ শতকের কাত ২৮০ আঃ ২০, খং ১১৭

২২০ থাং ডিঃ ঐ দেং বিষ্ণুচরণ রায় দাবি ১৪৷/৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে মিঠিপুর ৪৮ শতকের কাত ১৷৶৫ আঃ ১৫, খং ৫৭২

২২১ খং ডিঃ ঐ দেং ঐ দাবি ১২৮৯ মৌজাদি ঐ ৫২ শতকের কাত ১৷৵৫ আঃ ১০, খং ৫৪৯

২২২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১২৮৶৬ মৌজাদি ঐ ৩৪ শতকের কাত ৮১ আঃ ৭, খং ৫৪৮

২২৫ থাং ডিঃ ঐ দেং মকবুল সেখ দিং দাবি ২২৶৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে জয়রামপুর ১৮ শতকের কাত ২৷৵৬ আঃ ২০, খং ৪৪০

১৩৯ থাং ডিঃ ঐ দেং ব্রজেন্দ্রনারায়ণ সেন দাবি ১৩৮৶৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে মির্জ্জাপুর ১-৮১ শতক নিষ্কর সেস ৵০ হিঃ আঃ ১২০, খং ১০৯৮

২২৬ থাং ডিঃ ঐ দেং কালিদাস বাঁশর দিং দাবি ১০৮৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে মির্জ্জাপুর ৬ শতকের কাত ৶৩ পাই আঃ ৫, খং ৩৬১

২২৭ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১০৷/৯ মৌজাদি ঐ ৭ শতকের কাত ৮/৯ পাই আঃ ১০, খং ৩৬২

২২৮ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৩৵০ মৌজাদি ঐ ৭ শতকের কাত ১৷/৬ আঃ ১৫, খং ৩৬৩

২২৯ থাং ডিঃ ঐ দেং গিরীন্দ্র কোনাই দাবি ১৪৶৬ মৌজাদি ঐ ১৪ শতকের কাত ১, আঃ ১০, খং ৬২৩

২৩০ থাং ডিঃ ঐ দেং সেবাইত নরেন্দ্রনারায়ণ চৌধুরী দাবি ১২১৻৩ মৌজাদি ঐ ১৫-২৯ শতকের কাত ২০, আঃ ১২৫, খং ৬৬২

২৩৫ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১০৯৮৵৯ মৌজাদি ঐ ২১-৮২ শতকের কাত ১৮, আঃ ১১০, খং ৭৭৮

২৩২ থাং ডিঃ ঐ দেং ইলামদী মুন্সী দাবি ৩৯৷/৬ মৌজাদি ঐ ২-৩৫৮০ শতকের কাত ৫৷৶৬ আঃ ৩৫, খং ৭৫৭, ৭৭০

২৩৩ থাং ডিঃ ঐ দেং শিশিরকুমার বন্দ্যোপাধ্যায় দাবি ২৩৵৯ মৌজাদি ঐ ১-১৮ শতকের কাত ৩৷৶১ আঃ ২০, খং ৮৮৮

২৩৪ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৫৮৵০ মৌজাদি ঐ ১-১৩ শতকের কাত ৬৮৵৬ আঃ ৩৫, খং ৮৮৫

২৩৬ থাং ডিঃ ঐ দেং শঙ্করীবালা দাসী দাবি ১৬৷৶৬ মৌজাদি ঐ ১২ শতকের কাত ১৷৶৩ পাই আঃ ১৫, খং ৬২৩

২৫৯ থাং ডিঃ ঐ দেং কালু সেখ দিং দাবি ২৯৷৶৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে চরকা ৯৭ শতকের কাত ৩৷/৪ আঃ ২৫, খং ৪০০

২৬২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৯৮৶৩ মৌজাদি ঐ ৩৪ শতকের কাত ১৷০ আঃ ১০, খং ৪২৫

২৬০ থাং ডিঃ ঐ দেং সবির সেখ দাবি ২৩৮৵৯ মৌজাদি ঐ ৭২ শতকের কাত ২৷/১০ আঃ ২০, খং ৫৯৬

২৬১ থাং ডিঃ ঐ দেং সামরু সেখ দিং দাবি ২১৷৵৬ মৌজাদি ঐ ৮২ শতকের কাত ২৷৫ আঃ ২০, খং ৩৮১

২৬৩ থাং ডিঃ ঐ দেং গঙ্গারাম প্রামাণিক দাবি ৩২৷০ থানা রঘুনাথগঞ্জ মৌজে দফরপুর ৫৯ শতকের কাত ৩৮১০ আঃ ২৫, খং ১৪৯২

২৬৪ থাং ডিঃ সদ্দি বাঈ দেং দুর্গাপদ চট্টোপাধ্যায় দাবি ৩৭৮৶৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে গদাইপুর ১-৯৬ শতকের কাত ৫৷০ আঃ ৩৫, খং ৪৫

২৪৪ থাং ডিঃ চতুর্ভুজ সেরাওগী দিং দেং ফজর আলি মণ্ডল দিং দাবি ১৩৻৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে সাদপুর ৭৩ শতকের কাত ২৷/১০ গণ্ডা আঃ ৫, খং ১৭২

৬৯৫ থাং ডিঃ ঐ দেং একাবর সেখ দিং দাবি ১৭৷৶৬ থানা ঐ মৌজে চকসাদপুর ৮১ শতকের কাত ৩, আঃ ১০, খং ২৯

১৯৮ থাং ডিঃ সেবাইত গোবিন্দলাল ভট্টাচার্য্য নাঃ দিং দেং যোগেন্দ্র মণ্ডল দিং দাবি ৫৫৮/০ থানা রঘুনাথগঞ্জ মৌজে রমাকান্তপুর ৭২ শতকের কাত ৬৷৫ আঃ ২০, খং ১/১ মোকররী স্বত্ব।

২৭৭ থাং ডিঃ রতনলাল সেরাওগী দিং দেং পান্নু মণ্ডলানী দিং দাবি ২৯৵৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে জগদানন্দবাটী ১১ শতকের কাত ৩৷০ আঃ ১০, খং ৮৬ কোর্ফা স্বত্ব।

২৭৮ থাং ডিঃ পঙ্কজকুমার দাস দেং শচীনন্দন দে মৃতাস্তে পুত্রগণ বিভূতিভূষণ দে দিং দাবি ১৮৷৵৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে জঙ্গিপুর ২৭ শতকের কাত ১৷০ আঃ ৫, খং ৩০

২১২ থাং ডিঃ সেবাইত কুমারকৃষ্ণ ঘোষ দিং দেং রাজেন্দ্রনাথ সাহা দাবি ১২৪৷/০ থানা সুতী মৌজে উমরাপুর ৩-৪৭ শতকের কাত ১০৷৶৬ আঃ ৫০, খং ১১৮৬

২১১ থাং ডিঃ রাজা রাও ধীরেন্দ্রনারায়ণ রায় দিং দেং যতীন্দ্রনারায়ণ রায় দিং দাবি ২২৮/৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে মিঠিপুর ও রামেশ্বরপুর ৮১ শতকের কাত ২৷/১০ পাই আঃ ১৫, খং ৫১০, ৩৬৬

২৪৫ থাং ডিঃ মহেশপুর রাজ এষ্টেট দেং রাহিজান বিবি দিং দাবি ২৪৷/৩ থানা সুতী মৌজে হোসেনপুর ১১ শতকের কাত ১৶৬ খং ১০৬

২৪৬ থাং ডিঃ ঐ দেং মিছুলাল মণ্ডল দাবি ২০॥৶৯ থানা সুতী মৌজে কাদোয়া ৬৯ শতকের কাত ২।০ থং ২৫১

১৯৪ থাং ডিঃ কালীপ্রসন্ন সিংহ দিং দেং মোশুরুদ্দিন সেখ দিং দাবি ১৮॥৶৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে কাদিকোলা ১০ শতকের কাত ১॥/০ আঃ ৯৲ থং ২০৮

১৯৫ থাং ডিঃ ঐ দেং চণ্ডিত মণ্ডল দিং দাবি ২২।/৩ মৌজাদি ঐ ১৬ শতকের কাত ২৵৮ আঃ ১১৲ থং ২০৪

১৭৭ থাং ডিঃ নশীপুর রাজ ওয়ার্ডস দেং পঙ্কজকুমার মুখোপাধ্যায় দিং দাবি ২৯৲৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে সেগুা-জামুয়ার ২-০০ একরের কাত ১৲ আঃ ২৫৲ থং ১৭৫

১৮৫ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৪৵৬ মৌজাদি ঐ ১-৫৪ শতকের কাত ৸৩ আঃ ১৫৲ থং ১৭৩

১৮৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৮৸৶৩ মৌজাদি ঐ ১-১৫ শতকের কাত ॥/০ আঃ ১০৲ থং ১৭৪

১৮৮ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৮৸৶৬ মৌজাদি ঐ ৩-১১ শতকের কাত ১৲ আঃ ২৫৲ থং ১৭২

১৮৩ থাং ডিঃ ঐ দেং দেবেন্দ্রবিজয় মজুমদার দিং দাবি ১৬৸/৩ মৌজাদি ঐ ১-১৪ শতকের কাত ।০ আঃ ১০৲ থং ৩১১

১৮৭ থাং ডিঃ ঐ দেং মহেন্দ্রনারায়ণ সিংহ দাবি ৭৪॥০ থানা সুতী মৌজে উমরাপুর ৪-১০ শতকের কাত ২৲৩ আঃ ১০৲ থং ৪৮

১৮২ থাং ডিঃ ঐ দেং অচলাবালা দেবী দিং দাবি ২৮॥৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে শ্রীকান্তবাটী ৪-৫২ শতকের কাত ॥/০ আঃ ২০৲ থং ৫০৯

১৮৪ থাং ডিঃ ঐ দেং রোস্তম বিশ্বাস দাবি ২০॥৶৯ থানা সুতী মৌজে কাদোয়া ৭৯ শতকের কাত ।৵৩ আঃ ১৫৲ থং ১৯৩

১৫০ থাং ডিঃ বিমলসিংহ কুঠারী দেং অম্বিকা-চরণ রায় দিং দাবি ৫৫৶০ থানা রঘুনাথগঞ্জ মৌজে তালাই ৪-০০ একরের কাত ১১।৵১ আঃ ৩০০৲ থং ৪০১

২৩৮ থাং ডিঃ মহম্মদ ইউসুষ বিশ্বাস দেং আবদুল রহমান সেখ দাবি ২২৶০ থানা রঘুনাথগঞ্জ মৌজে মোমিনটোলা ৮ শতকের কাত ২॥০ আঃ ১০৲ থং ১১৪

২৭৩ থাং ডিঃ অর্দ্ধেন্দুশেখর নাথ দিং দেং ধনঞ্জয় মাঝি দাবি ৭॥৵০ থানা রঘুনাথগঞ্জ মৌজে বাঘা /২ কাঠার কাত ৸০ আঃ ৫৲ থং ৩

২০৪ থাং ডিঃ শ্যামাপদ নাথ দেং কুমেদকামিনী দেবী দাবি ৪৪৶৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে কালিয়াই ২২ শতকের কাত ৯৸০ আঃ ২০৲ থং ১৫৪০ স্বত্ব দখলকার বসত প্রজা।

২০৫ থাং ডিঃ কানাইলাল রায় দেং ইনাতুল্লা সেখ দিং দাবি ২৯।৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে তেঘরি ।০৸০ ( ১৫ শতক ) কাত ৪।৶০ আঃ ১০৲ থং ২৪৮ কোর্ফা স্বত্ব।

১৭৮ থাং ডিঃ জনাব মরতুজা রেজা চৌধুরী দিং দেং তিনকড়ি দাস দিং দাবি ৪১॥৶৩ থানা সুতি মৌজে খিদিরপুর ১-৮৫ শতকের কাত ১।৶৭ আঃ ১০৲

১৯২ থাং ডিঃ ঐ দেং ভুটু মাঝি নাঃ দিং দাবি ২৫৸৬ থানা সুতি মৌজে মহেশাইল তপশীল লিখিত জমির কাত ৪।০ নিজাংশে ১৶১০ আঃ ১০৲

১৯৩ থাং ডিঃ ঐ দেং শৈলেশচন্দ্র চৌধুরী দিং দাবি ৩৮।৵৬ মৌজাদি ঐ ৩৪ শতকের কাত ২।৵০ আঃ ৫৲

১৭৬ থাং ডিঃ রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দেং লোকমান সেখ দাবি ১৪৸৩ থানা সুতি মৌজে আহিরণ ৭ শতকের কাত ৸৫ আঃ ৫৲ থং ৩০১

১১৫ থাং ডিঃ ট্রাষ্টি রায় সুরেন্দ্রনারায়ণ সিংহ বাহাদুর দেং নিরঞ্জনকুমার বন্দ্যোপাধ্যায় দাবি ৩৭।/৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে মঙ্গলজন ১-৭৭ শতকের কাত ৸/৫ আঃ ২০৲ থং ২১

১১৭ থাং ডিঃ ঐ দেং শৈলেন্দ্রনারায়ণ দাস নাঃ পক্ষে অলি মাতামহ শঙ্করলাল দাস দাবি ৩০॥/৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে চক ধলো ১-৬৪ শতকের কাত ১৸৵৬ আঃ ২০৲ থং ১৫৮/১

১১৮ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৪১৸/০ মৌজাদি ঐ ১-০১ শতকের কাত ৮।৶৬ আঃ ২০৲ থং ৬৪৯

১৯ মনি ডিঃ সুধাময়ী দেবী চৌধুরাণী দেং মীর আসাব আলী দাবি ৮৬৫৸৬ থানা ফরাক্কা মৌজে বেনিয়াগ্রাম ১-৮০ শতকের কাত ২।০ আঃ ১৩০৲ থং ২১ রায়ত স্থিতিবান। ২নং লাট মৌজাদি ঐ ১-৮২ শতকের কাত ২॥০ আঃ ১৩৬৲ থং ৯৩ ৩নং লাট মৌজাদি ঐ ১-৩৪ শতকের কাত ১॥/৯ আঃ ১০০৲ থং ৬ রায়ত স্থিতিবান।

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত
## নিলামের দিন ২১শে সেপ্টেম্বর ১৯৫৩

### ১৯৫৩ সালের ডিক্রীজারী

১৩১ থাং ডিঃ ধীরেন্দ্রনাথ চৌধুরী দেং ক্ষুদিরাম মুখোপাধ্যায় দাবি ৪৪৶০ থানা সমসেরগঞ্জ মৌজে সেরপুর ১/২ কাঠার কাত ৪৵১৫ আঃ ১৫৲ থং ১৯৭

১১৪ থাং ডিঃ বিমলসিংহ কুঠারী দেং শ্যামাপদ দে দিং দাবি ৪৩॥৶০ থানা সাগরদীঘি মৌজে থাড়ুগ্রাম ১-৪৮ শতকের কাত ৮৸৵৩ আঃ ৩০৲ থং ৩৮

২০৩ থাং ডিঃ নির্ম্মলকুমার সিংহ নওলাক্ষা দেং শৈলেন্দ্রনাথ দাস দিং দাবি ১০৪।৶০ থানা সাগরদীঘি মৌজে কোমড্ডা ৫-৩২ শতকের কাত ১৮৲ আঃ ৫৯৲ থং ১৭৩ অধিনস্থ থং ২৫৭।২৫৮

১৩৭ থাং ডিঃ কমন ম্যানেজার রণেন্দ্রনারায়ণ বাগচী দেং হাফিজুদ্দিন বিশ্বাস নাবালক পক্ষে অলি মাতা সুন্দরী বিবি দাবি ২১/৯ থানা সাগরদীঘি মৌজে খেরুর ৩-০৭ শতকের কাত ২৸৶৬ আঃ ৫৲ থং ২২৯

১৩৯ থাং ডিঃ ঐ দেং কালু মণ্ডল দাবি ৮॥৶৬ থানা ঐ মৌজে ভুমিহর ৩৪ শতকের কাত ।০ আঃ ৫৲ থং ৬৬০

১৪০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৩৸৶০ মৌজাদি ঐ ১-১১ শতকের কাত ১॥০ আঃ ১০৲ থং ৬৫৯

১৪১ থাং ডিঃ ঐ দেং বীরবল মাল দাবি ২৮।০ থানা সাগরদীঘি মৌজে খেরুর ১-৬৪ শতকের কাত ৬৸৵০ আঃ ১০৲ থং ২৪৭

১২৫ থাং ডিঃ সুরমাবালা দাসী দেং ভোলানাথ রায় চৌধুরী দিং দাবি ৯২৶০ থানা সাগরদীঘি ও নবগ্রাম মৌজে ধামুয়া, দক্ষিণ দেবগ্রাম, সন্তোষপুর, কালিদিঘী, বেড়গ্রাম, দুর্গাপুর, চন্দনবাটী ও আয়রা ৩৮-৪৫ শতকের কাত ১১॥৶৫ আঃ ৬০৲ থং ১৬২, ৩২১, ১৪৮, ৬৫, ২৫, ৭৪, ৮৬, ৪৪ ও ৬৩ মধ্যে মোজকুরী স্বত্ব।